

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৫৯

আগরতলা, ২১ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ২১ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘বিলোনীয়ায় স্বাস্থ্য সেবা বেহাল দপ্তরের ভূমিকায় ক্ষোভ তীব্র’ শিরোনামে প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, এই হাসপাতালে প্রতিদিন গড়ে ৩০০ জন রোগীকে প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা প্রদান করা হচ্ছে। হাসপাতালে তিনটি অপারেশন থিয়েটার রয়েছে। এখানে নিয়মিতভাবে সিজারিয়ান সেকশনের মাধ্যমে সন্তান প্রসব, লাইগেশন এবং চোখের ছানির অপ্সোপচার সম্পন্ন করা হয়। এই হাসপাতালের স্বাস্থ্যকর্মীরা দায়িত্ব সহকারে চিকিৎসা পরিষেবা প্রদান করছেন। উন্নততর চিকিৎসার প্রয়োজন জরুরি হয়ে পড়লেই রোগীদেরকে শান্তিরবাজারস্থিত জেলা হাসপাতাল, টেপানিয়াস্থিত জেলা হাসপাতাল, এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালে রেফার করা হয়। এদিকে ন্যাকো এবং ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে বিলোনীয়াস্থিত মহকুমা হাসপাতালে সম্পূর্ণ সুরক্ষা কেন্দ্রের উদ্বোধন হয়েছে। এটি ড্রাগস আসক্ত মানুষের মধ্যে এইচআইভি / এইডস সচেতনতা বৃদ্ধি এবং সংক্রমণ প্রতিরোধের লক্ষ্যে কাজ করছে। এই কর্মকান্ডের মাধ্যমে স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে রাজ্য সরকারের দায়বদ্ধ ভূমিকার প্রতিফলন ঘটছে।
